

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ভেটেরিনারি হাসপাতাল
কাপাসিয়া, গাজীপুর।

বিষয়ঃ উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ-জনাব মোঃ আসাদুজ্জামান
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।
তারিখঃ- ০৫/১২/২০২২ইং
সময়ঃ-সকাল ১১.০০ ঘটিকা
স্থানঃ- উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, কাপাসিয়া, গাজীপুর।

সভায় উপস্থিত কর্মকর্তা/জনপ্রতিনিধিদের স্বাক্ষরের নামের তালিকা পরিশিষ্ট 'ক'তে উল্লেখ করা হলো।

উপস্থিত সকল কর্মকর্তা/ জনপ্রতিনিধিদেরকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতেই সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব, প্রাণিসম্পদ বিভাগের নিম্নবর্ণিত প্রস্তাবনাসমূহ নিয়ে সভায় আলোচনা করা হয়।

১। উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন সমন্বয় কমিটির সদস্য সচিব সভাকে জানান যে, কাপাসিয়া উপজেলায় বেসরকারীভাবে প্রায় ৫২৪টি ডেইরী খামার স্থাপিত হয়েছে। উক্ত খামারীদের মধ্যে ৭০% খামারীর ও প্রশিক্ষণ নাই। আধুনিক প্রযুক্তিতে ডেইরী খামারীদের গবাদি প্রাণির লালন পালন বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ জরুরী প্রয়োজন। প্রাণিসম্পদ বিভাগীয় আওতায় প্রশিক্ষণের কোন ব্যবস্থা না থাকায় উপজেলা পরিষদ উন্নয়ন সহায়ক তহবিল দ্বারা ডেইরী খামারীদের প্রশিক্ষণ প্রদান বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এ ব্যাপারে সভাপতি মহোদয়কে খামারীদের সেবা প্রদানের জন্য উপজেলা পরিষদের উন্নয়ন সহায়ক তহবিলের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অনুরোধ জানানো হয়।

২। অত্র কাপাসিয়া উপজেলায় বেসরকারীভাবে বিপুল সংখ্যক লেয়ার ব্রয়লার ফার্ম স্থাপিত হয়েছে। অধিকাংশ পোল্ট্রি খামারে বায়োসিকিউরিটি ও বর্জ্য ব্যবস্থাপনা ভাল না থাকায় খামারীগণ ক্ষতিগ্রস্ত হচ্ছে। পোল্ট্রি খামারীদের বায়োসিকিউরিটির জন্য জীবানুনাশক ঔষধ জরুরী প্রয়োজন। তাই খামারীদের সেবা প্রদানের জন্য উপজেলা পরিষদের উন্নয়ন সহায়ক তহবিল হতে জীবানুনাশক ঔষধ ক্রয় এবং বিনামূল্যে খামারীদের মধ্যে বিতরণ বিষয়ে সভায় বিস্তারিত আলোকপাত করা হয়। এ ব্যাপারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানানো হয়।

৩। অত্র উপজেলা আমরাইদ বাজার গরুহাটে গবাদি পশুর ভাইরাজ জনিত রোগ প্রতিরোধে স্প্রে-কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা পরিষদের উন্নয়ন সহায়ক তহবিল দ্বারা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০৫

(মোঃ আসাদুজ্জামান)
সভাপতি

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন কমিটি
ও ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।

তারিখঃ ০৫/১২/২০২২ইং

স্মারক নং-৩৩.০১.৩৩৩৬.০০০.০০.০১৪.২২.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।

২-৭।

সদস্য, মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন কমিটি, কাপাসিয়া, গাজীপুর।

৮। অফিস কপি।

(ডাঃ রাশেদুজ্জামান মিয়া)
সদস্য সচিব

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন কমিটি

ও

উপজেলা প্রাণিসম্পদ অফিসার
কাপাসিয়া, গাজীপুর।

স্মারক নং ০১৭১২-৭৪৭২৪৫

৩০৫